# বরিশালে নির্বাচনী জনসভায় যোগ দিয়েছেন তারেক রহমান




বরিশাল বিএনপি নির্বাচনী জনসভা। ছবি: সংগৃহীত

বরিশালের বেলস পার্ক মাঠে বিএনপির বিভাগীয় নির্বাচনী সমাবেশ শুরু হয়েছে। সেখানে উপস্থিত হয়েছেন দলের চেয়ারম্যান তারেক রহমান। অল্প সময়ের মধ্যেই তিনি সমাবেশে বক্তব্য দেবেন।

বুধবার (৪ ফেব্রুয়ারি) সকাল থেকেই বরিশালসহ আশপাশের বিভিন্ন জেলা থেকে নেতাকর্মীরা সমাবেশস্থলে ভিড় জমাতে থাকেন। লঞ্চ, স্পিডবোটসহ নানা উপায়ে তারা সমাবেশে যোগ দেন।

এই সমাবেশে বরিশাল বিভাগের ২১টি আসনের প্রার্থীদের ভোটারদের সামনে পরিচয় করিয়ে দেওয়ার কথা রয়েছে। পাশাপাশি ধানের শীষের পক্ষে ভোট চাওয়ার পাশাপাশি দেশের ভবিষ্যৎ পরিকল্পনা ও স্থানীয় বিভিন্ন সমস্যা নিয়ে নিজের ভাবনা তুলে ধরবেন তারেক রহমান।

দীর্ঘ দুই দশকের বেশি সময় পর তারেক রহমানের বরিশাল সফর ঘিরে তৃণমূলের নেতাকর্মীদের মধ্যে উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। তাদের আশা, এই সমাবেশ নির্বাচনী প্রচারে নতুন গতি আনবে এবং ভোটারদের আস্থা বাড়াবে।

বরিশালের কর্মসূচি শেষ করে দুপুরে ফরিদপুরের রাজেন্দ্র কলেজ মাঠে আরেকটি নির্বাচনী সমাবেশে যোগ দেওয়ার কথা রয়েছে তারেক রহমানের।

LENS ASIA